দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAY 1 1999
পৃষ্ঠা ৭ কলাম ৫

77



চেরনোবিল ভাইরাস প্রস্তুতকারী কম্পিউটার বিশেষজ্ঞ চেন ইং-হুয়া -রয়টার্স

# চেরনোবিল ভাইরাস প্রস্তুতকারককে জিজ্ঞাসাবাদ

গত ২৬শে এপ্রিল সারাবিশ্বে সংঘটিত কম্পিউটার বিপর্যয়ের হোতা ২৪ বছর বয়স্ক কম্পিউটার বিশেষজ্ঞ চেন ইং-হুয়াকে তাউওয়ান পুলিশ জিজ্ঞাসাবাদ

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## চেরনোবিল

(প্রথম পৃষ্ঠার পর)

করিতেছে। চেন নিজেই চেরনোবিল ভাইরাস নামের বিধ্বংসী কম্পিউটার প্রোগ্রাম তৈরী করিয়াছিলেন বলিয়া স্বীকার করিয়াছেন। তবে তাহার তৈরী এই ভাইরাস যে এত ভয়ঙ্কর হইবে, উহা তিনি বুঝিতে পারেন নাই বলিয়া জানাইয়াছেন।

বিবিসি জানাইয়াছে, জিজ্ঞাসাবাদ এখনও শেষ না হইলেও পুলিশ চেনকে মুক্তি দিয়াছে। কারণ, কেহই তাহার বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করে নাই। ইহাছাড়া, তিনি নিজের তৈরী এই বিধ্বংসী ভাইরাসের কবল হইতে মুক্তি লাভের ব্যাপারে সাহায্য করারও প্রস্তাব দিয়াছেন।

কর্তৃপক্ষ জানাইয়াছে, চেনের বিরুদ্ধে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইবে কি-না অথবা আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইলে কী ধরনের আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইবে উহা নির্ধারণ করা হইতেছে। তবে তাইওয়ানের আইনে কম্পিউটার ভাইরাস ছড়ানর দায়ে ৩ বছরের কারাদন্ড প্রদানের বিধান রহিয়াছে।